

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এন এম আই এম বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৬০	তারিখ- ২০/১/২৪	গণপূর্ত অধিদপ্তর	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০১.২৪.৭৪

তারিখ: ৮ মাঘ ১৪৩০

২২ জানুয়ারি ২০২৪

বিষয়: ২০২৩-২০২৪ আর্থিক সালে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ লুৎফর রহমান গ্রন্থাগার ও গবেষণা কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজের ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য ১৫০.০০ লক্ষ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ প্রকল্প পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ১, মিটো রোড, বিএসএল ভবন (২য় তলা), রমনা, ঢাকার স্মারক নং-৫৫ তারিখ-২১/১২/২০২৩খিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ১৫০.০০ লক্ষ টাকা ২০২৩-২০২৪ আর্থিক সালের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কোড ৪১১১২০১-অনাবাসিক ভবন খাত হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি পত্র প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

শর্তঃ-

- ১) প্রত্যাশী সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ২) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে/প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ৩) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৪) কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশী সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধযোগ্য।
- ৫) বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরের নিকট সমর্পন করতে হবে।

১/১/২৪

২২-১-২০২৪

মোঃ সাখাওয়ার হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

গোপালগঞ্জ গণপূর্ত বিভাগ, গোপালগঞ্জ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০১.২৪.৭৪/১

তারিখ: ৮ মাঘ ১৪৩০

২২ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।